# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

## সংবাদ প্রতিক্রিয়া

### নাগরিকের বাক-স্বাধীনতা ও তথ্য পাওয়ার অধিকার এবং গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করার আহবান হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)

[০৯ মে ২০২০] যেকোন গণতান্ত্রিক ও মানবাধিকারভিত্তিক রাষ্ট্রের অন্যতম প্রধান বৈশিষ্ট্য জনগণের মতপ্রকাশ ও গণমাধ্যমের স্বাধীনতা। সমাজের প্রতিটি স্তরে সুশাসন, মানবাধিকার ও জবাবদিহিতা নিশ্চিতকরণে এ দুটোর কোনো বিকল্প নেই। বাংলাদেশ সংবিধানে নাগরিকদের মুক্তচিন্তা, বিবেকের স্বাধীনতা ও বাক-স্বাধীনতা মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত। সরকারের দায়িত্ব এ স্বাধীনতার চর্চা নিশ্চিত করার জন্য অনুকূল পরিবেশ তৈরি করা, জনগণের তথ্য পাওয়ার অধিকার সুরক্ষিত করা এবং কোথাও এর ব্যত্যয় ঘটলে তাৎক্ষণিকভাবে যথাযথ মানদণ্ড বজায় রেখে ব্যবস্থা গ্রহণ করা। বিশেষত কোনো দূর্যোগপূর্ণ পরিস্থিতিতে মত প্রকাশের অধিকার ও গণমাধ্যমের স্বাধীনতা সরকারের সহায়ক শক্তি হিসেবে কাজ করে। অথচ আমরা অত্যন্ত উদ্বেগ আর আতঙ্কের সাথে লক্ষ্য করছি, করোনার এ সংকটকালীন সময়ে আমাদের দেশে নানাভাবে নাগরিকের মতপ্রকাশের অধিকার ও গণমাধ্যমের স্বাধীনতা আঘাতপ্রাপ্ত হচ্ছে। গণমাধ্যমকর্মীদের নানাভাবে হয়রানি, হুমকি বা আক্রমণ করা হচ্ছে, সরকার বা সরকার সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সমালোচনা করার কারণে নাগরিকদের বিরুদ্ধে মামলা হচ্ছে এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অতি দ্রুত তাদের গ্রেফতার করছে। জাতীয় দৈনিকগুলো ও নিজস্ব উৎস থেকে সংগৃহীত আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর তথ্য অনুযায়ী, এ বছরের প্রথম চার মাসে ৮৫ জন সাংবাদিক নানাভাবে হয়রানি বা আক্রমণের শিকার হয়েছে, কেবল এপ্রিল মাসেই ৩৪ জন সাংবাদিক হয়রানির শিকার হয়েছে। অন্যদিকে বহুল বিতর্কিত ডিজিটাল নিরাপত্তা আইন উদ্বেগজনকভাবে ব্যবহৃত হচ্ছে নাগরিক ও গণমাধ্যমকর্মীদের বিরুদ্ধে। আসক এর তথ্য থেকে আরো জানা যায়, ১ এপ্রিল থেকে ৬ মে ডিজিটাল নিরাপত্তা আইনের আওতায় ৪১ জনের বিরুদ্ধে মামলা হয়েছে যার মধ্যে ২০ জন সাংবাদিক, ১ জন ব্লগার, ১ জন কার্টুনিস্ট এবং অন্যান্য ১৯ জন। অন্যদিকে ০৭ মে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জারি করা এক পরিপত্রে বলা হয়েছে, সরকারি কর্মচারীদের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কোনো পোস্ট দেওয়া থেকে বিরত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। এমনকি এ ধরনের পোস্টে কমেন্ট, লাইক ও শেয়ার করলেও সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানানো হয়েছে। পরিপত্রে আরো বলা হয়েছে, জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থী তথ্য প্রকাশ থেকে বিরত থাকতে হবে; সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট বা আইন-শৃঙ্খলার অবনতি ঘটতে পারে এমন কোনো পোস্ট আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে; জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি, প্রতিষ্ঠান বা অন্য কোনো সার্ভিস/পেশাকে হেয় প্রতিপন্ন করে এমন পোস্ট দেওয়া থেকে বিরত থাকতে হবে। এ ধরণের নির্দেশনা স্পষ্টত বাক-স্বাধীনতার চরম পরিপন্থী এবং সুশাসনের অন্তঃরায়। আমরা জানি, জনগণের স্বার্থে সরকার বিভিন্ন ধরণের গুজব ও ভুল তথ্য প্রচার প্রতিহত করতে আগ্রহী কিন্তু বাক-স্বাধীনতা নিশ্চিত ও স্বাধীন গণমাধ্যমের মাধ্যমে নির্ভরযোগ্য ও বাস্তবভিত্তিক তথ্য প্রচার ব্যতিরেকে তা কোনোভাবেই সম্ভব নয়। সাম্প্রতিক এসব ঘটনাবলি সচেতন নাগরিক ও গণমাধ্যমকর্মীদের মধ্যে ভীতি ও আতঙ্ক তৈরি করছে এবং সেল্ফ-সেন্সরশীপকে আরো বেশি পোক্ত করছে যা বাংলাদেশ রাষ্ট্রের জন্য কল্যাণকর নয়। ফোরাম সরকারের কাছে দ্রুততার সাথে ডিজিটাল নিরাপত্তা আইনের আওতায় গ্রেফতারকৃতদের মুক্তি প্রদান এবং আইনটি সংশোধন করার দাবি জানাচ্ছে। পাশাপাশি ফোরাম সরকারের কাছে নাগরিকের বাক-স্বাধীনতা ও তথ্য পাওয়ার অধিকার এবং গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছে।

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187
Email: ask@citechco.net web: www.askbd.org
**Experts:**
Dr.Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).